



রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ  
(রাজশাহী ওয়াসা)  
বিমানবন্দর সড়ক, আহম্মদনগর, রাজশাহী-৬২০৩  
[www.rajshahiwaso.org.bd](http://www.rajshahiwaso.org.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০১.০০.২৪৬.১৯.৬২৭

তারিখ : ০৮ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
২৩ সেপ্টেম্বর ২০১৯খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী ওয়াসার নিম্নবর্ণিত পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্তে স্থায়ীভাবে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম                         | সংখ্যা    |
|----------------------------------|-----------|
| উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) | ০১(এক) টি |

- ১। প্রার্থীদের বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের (পুরকৌশল /পনি বা পয়ঃনিষ্কাশন /পানি সম্পদ /স্যানিটেশন /পরিবেশ সম্বন্ধীয়) ডিগ্রির সাথে বাণিজ্যিক অথবা পাবলিক ইউটিলিটিস এর অধীনে পরিচালিত পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং স্টর্ম ওয়াটার ও নর্দমার ফ্যাসিলিটিসমূহের ডিজাইন বাস্তবায়নসহ অপারেশন ও রক্ষণাবেক্ষণ-এর ক্ষেত্রসমূহে দেশে /বিদেশে ন্যূনতম ২৫ (পঁচিশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ২। স্নাতকোত্তর /পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ৩। কম্পিউটার এপ্লিকেশন ও সংশ্লিষ্ট প্রফেশনাল সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে দক্ষতা থাকতে হবে।
- ৪। প্রার্থীদের বয়স সীমা সর্বোচ্চ ৬২ (বাষট্টি) বৎসর। বয়সের প্রমাণস্বরূপ এসএসসি সার্টিফিকেটের কপি প্রদান করতে হবে।
- ৫। আবেদনকারী সর্বশেষ যে প্রতিষ্ঠানে কর্মরত আছেন /ছিলেন সে প্রতিষ্ঠান প্রধান অথবা তার নিয়োগকারী কর্তৃপক্ষ থেকে “অতীত চাকুরীকাল সন্তোষজনক” মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ৬। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে এবং চূড়ান্ত নির্বাচিত হলে রাজশাহী ওয়াসায় যোগদানের সময় প্রার্থীর মূল সংস্থ অথবা কর্তৃপক্ষের ছাড়পত্র /লিয়োনাদেশ দাখিল করতে হবে।
- ৭। অসত্য /বিভ্রান্তিকর তথ্য ও ডকুমেন্টস দাখিল করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৮। কোন সরকারী /আধা-সরকারী /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে বরখাস্ত (ডিসমিসড) বা কোন ফৌজদারী আদালতে সাজাপ্রাপ্ত ব্যক্তি উক্ত পদের জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।
- ৯। ন্যাশনাল পে স্কেল এর সাথে সামঞ্জস্য রেখে রাজশাহী ওয়াসা বোর্ড কর্তৃক বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ করা হবে।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা বরাবর ১০০০ (এক হাজার) টাকার পে অর্ডার /ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল ডকুমেন্টসমূহ সংযুক্ত করে আগামী ২০.১০.২০১৯ খ্রিঃ তারিখ বিকেল ৫:০০ টার মধ্যে রাজশাহী ওয়াসা দপ্তরে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ১১। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত (short listed) প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ /ডিএ প্রদান করা হবে না।
- ১২। রাজশাহী ওয়াসা বোর্ড কারণবশতঃ যে কোন /সকল আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত  
চেয়ারম্যান  
রাজশাহী ওয়াসা বোর্ড